# এসএসসি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড: | ১ | ৪ | ৩ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: মোট ১১টি প্রশ্ন থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০। দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১.** ▶ জনাব রহমান একজন পাট ব্যবসায়ী। দীর্ঘদিন তিনি পাটের ব্যবসায় করে আসছেন। বিভিন্ন জায়গায় থেকে পাট সংগ্রহ করে গুদামজাতকরণ করে আসছেন। তার বন্ধুও পাটের ব্যবসায়ী। তিনি জনাব রহমানকে বিমা করার পরামর্শ দেন। বিমা করার কয়েক মাসের মধ্যে তার গুদামের পাট আগুনে পুড়ে যায়।

ক. পণ্যের মান নির্ধারণে সার্টিফিকেট প্রদান করেন কে? ১

খ. বিমা প্রিমিয়াম বলতে কী বোঝায়? ২

গ. জনাব রহমান কোন ধরনের বিমা করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিমা না করা থাকলে জনাব রহমান কী ধরনের সমস্যার সম্মুখীন হতেন বলে তুমি মনে করো তা বিশ্লেষণ করো। ৪

**২.** ▶ জনাব বারেকের নারায়ণগঞ্জের পাগলা উপজেলা শহরে একটি মুরগির খামার আছে। তিনি তার এলাকার সফল ব্যবসায়ী হিসেবে পরিচিতি লাভ করেছেন। তিনি তার খামারে উৎপাদিত ডিম পাগলা উপজেলা ছাড়াও নারায়ণগঞ্জ সদরের বিভিন্ন এলাকায় বিক্রয় করে প্রচুর মুনাফা অর্জন করতে চান। কিন্তু পাগলা উপজেলার সাথে নারায়ণগঞ্জ সদরের যোগাযোগ ব্যবস্থা ভালো না থাকায় তিনি তা করতে পারছেন না।

ক. উৎপাদনের বাহন কোনটি? ১

খ. ব্যবসায়ের পণ্য বণ্টনকারী শাখা কোনটি? ব্যাখ্যা করো। ২

গ. জনাব বারেকের শিল্পটির ধরন বর্ণনা করো। ৩

ঘ. কোন ব্যবস্থার অভাবে জনাব বারেক ব্যবসায়ে প্রচুর মুনাফা অর্জন করতে পারছেন না? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd24.com

৩.▶ বড় রাস্তার পাশে 'আদর স্টোর' নামে নতুন একটি দোকান আছে। কিন্তু কোনো কারণে দোকানটির বিক্রি ভালো নয়। সম্প্রতি দোকানের মালিক তার দোকানের পরিচিতি, সেবার ধরন, পণ্যের মান ও বিভিন্ন প্রকার পণ্যের নাম লিখিত একটি মুদ্রিত কাগজ পত্রিকার হকারের মাধ্যমে এলাকার বাসায় বাসায় পৌঁছে দিলেন। কিছুদিন পর দেখা গেল তার দোকানে ক্রেতার সমাগম ও বিক্রির পরিমাণ বৃদ্ধি পাচ্ছে।

ক. বণ্টন প্রণালিতে সবশেষে কার অবস্থান? ১

খ. পর্যায়িতকরণ কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে আদর স্টোরের মালিক প্রচারের কোন মাধ্যমটি বেছে নিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'মালিকের গৃহীত পদক্ষেপ বিক্রয় বৃদ্ধির অন্যতম কৌশল'— মতামত দাও। ৪

৪.▶ মাহি একটি নতুন ফ্যাক্টরি খুলতে চাচ্ছেন। তার বন্ধু আনিস তাকে বললেন, ব্যবসায় করতে হলে অবশ্যই ব্যবসায় পরিকল্পনা প্রণয়নের প্রক্রিয়া অনুসরণ করতে হয়। এক্ষেত্রে তিনি ম্যাক্রোস্ক্রিনিং ও মাইক্রোস্ক্রিনিং সম্পর্কে আলোচনা করেন।

ক. চলতি মূলধন কী? ১

খ. ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি কী? ব্যাখ্যা করো। ২

গ. আনিস ম্যাক্রোস্ক্রিনিং সম্পর্কে যা বলেছেন ব্যাখ্যা করো। ৩

ঘ. আনিসের মাইক্রোস্ক্রিনিং থেকে মাহি যে ধারণা লাভ করতে পারে তা মূল্যায়ন করো। ৪

৫.▶ সামী বি.কম পাস করার পর তার ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে ভাবছিল। সে নিজ দেশেই কিছু করতে চায়। এজন্য সে হাঁস-মুরগি পালনের ওপর দু'মাসের প্রশিক্ষণ গ্রহণ করে। এতে তার মনোবল বেড়ে যায়। সে বাড়িতে হাঁস-মুরগির খামার প্রতিষ্ঠা করে। প্রশিক্ষণলব্ধ জ্ঞান প্রয়োগ করে নিজের চেষ্টায় আজ সে স্বাবলম্বী।

ক. দেশের মোট শ্রমশক্তির কত অংশ যুবক-যুবতী? ১

খ. আত্মকর্মসংস্থানের একটি বৈশিষ্ট্য বর্ণনা করো। ২

গ. সামীর হাঁস-মুরগির খামার কোন ধরনের কাজের অন্তর্ভুক্ত ব্যাখ্যা করো। ৩

ঘ. স্বাবলম্বী হবার পেছনে কোন গুণটি সামীকে বেশি প্রভাবিত করেছে বলে তুমি মনে করো? বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৬.▶ আপন ছোটবেলা থেকেই ঝুঁকি সংক্রান্ত ও চ্যালেঞ্জমূলক কাজ করতে বেশ পছন্দ করতেন। তিনি পড়ালেখা শেষ করে চাকরির পিছনে না ঘুরে টঙ্গীর বিসিক এলাকায় একটি উন্নতমানের রপ্তানিমুখী কারখানা স্থাপন করেন। এজন্য তিনি একটি প্রতিষ্ঠান থেকে আর্থিক ও কারিগরি সহায়তা নিয়েছেন।

ক. বিসিকের (BSCIC) পূর্ণরূপ কী? ১

খ. উদ্দীপনামূলক সহায়তা বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. আপনের মতো উদ্যোক্তাদের উপরোক্ত সহায়তাদানে সরকারি কোন প্রতিষ্ঠান নিয়োজিত? বিশ্লেষণ করো। ৩

ঘ. দেশের অর্থনীতিতে প্রবৃদ্ধি অর্জনে আপনের ভূমিকা মূল্যায়ন করো। ৪

৭.▶ ইংল্যান্ড ফেরত জনাব রাজীব ৫০ কোটি টাকা প্রাথমিক পুঁজি এবং ৩০০ জনের অধিক শ্রমিক নিয়ে সিলেটে একটি চা প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন করেন। উক্ত কারখানা আধুনিকীকরণের লক্ষ্যে তিনি জাপান থেকে মেশিন আমদানি করে চা শিল্পকে আরও সমৃদ্ধ করেন। পরবর্তীকালে তিনি সঠিক উৎপাদন ব্যয় নির্ধারণ ও প্রতিযোগিতাপূর্ণ বিক্রয়মূল্য নির্ধারণ করে প্রচুর মুনাফা অর্জনে সক্ষম হন।

ক. ব্যবসায় উদ্যোগের অন্যতম বাধা কোনটি? ১

খ. 'জাতীয় অর্থনীতির মূল চালিকাশক্তি হলো ব্যবসায়'— ব্যাখ্যা করো। ২

গ. জনাব রাজীবের শিল্পটি কোন ধরনের? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের শিল্পটি স্থাপনে প্রকল্প মূল্যায়নের কোন পদ্ধতি প্রয়োগ করা হয়েছিল? বিশ্লেষণ করো। ৪

৮.▶ কোনো কাজই ছোট নয় তার অন্যতম প্রমাণ হান্নান। সে উচ্চ শিক্ষিত হয়েও তার এলাকায় ক্ষুদ্র পরিসরে নার্সারি ব্যবসায় শুরু করে। কয়েক বছর যাওয়ার পর দেখা যায় ধীরে ধীরে হান্নানের ব্যবসায় দ্রুত উন্নতি হচ্ছে। এর অন্যতম কারণ হান্নানের সাফল্য অর্জনের তীব্র আকাঙ্ক্ষা। বর্তমানে সে তার উৎপাদিত গাছের চারা সারা বাংলাদেশে সরবরাহ করার চিন্তা করছে।

ক. উদ্যোক্তা কোন কাজে বিশেষ আনন্দ পান? ১

খ. উদ্যোগ গ্রহণ কি সর্বদাই লাভজনক? ব্যাখ্যা করো। ২

গ. হান্নানের কাজটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো হান্নানের উদ্যোগটি দেশের শিক্ষিত যুবকদের জন্য অনুকরণীয় হতে পারে? মন্তব্য করো। ৪

https://teachingbd24.com

৯.▶ মি. অজয় নাথ একজন মাছ বিক্রেতা। ফরমালিন মিশিয়ে মাছ বিক্রির দায়ে তার ৫০,০০০ টাকা জরিমানা করা হয় এবং এক মাসের জন্য তার দোকান বন্ধ করে দেওয়া হয়। মি. অজয় নাথের এ অবস্থা দেখে অন্য মাছ আগ্রহী বিক্রেতারা সতর্ক হয়ে যায়। এতে ক্রেতারা নিশ্চিন্তে ঐ বাজারে পণ্য ক্রয় করতে পারে এবং ঐ বাজারে ক্রয়-বিক্রয় বৃদ্ধি পায়।

ক. কর্মসংস্থান সৃষ্টি ব্যবসায়ের কোন ধরনের দায়িত্ব? ১

খ. মূল্যবোধের স্বরূপ ব্যাখ্যা করো। ২

গ. মি. অজয় নাথের দোকান বন্ধ হওয়ার পেছনে কোনটি বিশেষভাবে দায়ী তা বর্ণনা করো। ৩

ঘ. ঐ বাজারে গৃহীত পদক্ষেপ কীভাবে মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে সহায়তা করবে? তোমার মতামত দাও। ৪

১০.▶ কামাল টেক্সটাইল মিলস কর্তৃপক্ষ দীর্ঘদিন ধরে লক্ষ করছেন তাদের কিছু মেশিন আশানুরূপ সার্ভিস দিচ্ছে না। তাই তারা এগুলো মেরামতের সিদ্ধান্ত নিলেন। বিক্রয় মৌসুমে মেশিনগুলো মেরামতের কারণে উৎপাদন না দেয়ায় তাদের বড় ধরনের আর্থিক ক্ষতি হয়েছে। তারা আশা করছে মেরামতের মাধ্যমে যন্ত্রগুলো আবার সচল হয়ে উঠবে এবং আগের মতো উৎপাদন শুরু করা যাবে।

ক. স্বল্পমেয়াদি অর্থায়নের মেয়াদকাল কত? ১

খ. নির্দেশনা বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. কামালের টেক্সটাইল পরিকল্পনায় যে ত্রুটি দেখা দেয় তা চিহ্নিত করো। ৩

ঘ. মেরামতের মাধ্যমে মেশিনগুলো সচল হবে এবং উৎপাদন বাড়বে— বিশ্লেষণ করো। ৪

১১.▶ দিনাজপুরের জনাব শাহীন রেজা একজন বেকার যুবক। চাকরির সন্ধান না করেই লেখাপড়া শেষে স্বল্প পুঁজি নিয়ে একটি মুদির দোকান শুরু করেন। জনগণের ব্যাপক চাহিদার কথা ভেবে তিনি ব্যবসায়টিকে বড় করতে চাইলেন। এজন্য তিনি তার এক বন্ধুকে চুক্তির ভিত্তিতে ব্যবসায়ে সংযুক্ত করলেন।

ক. আধুনিক যুগের ব্যবসায় কোনটি? ১

খ. উৎপাদনের বাহন কোনটি? ব্যাখ্যা করো। ২

গ. জনাব শামীম রেজার প্রথম ব্যবসায়টি মালিকানা ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব শামীম রেজার ব্যবসায় সম্প্রসারণের জন্য গৃহীত পদক্ষেপটি মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড : ১ ৪ ৩

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. বিডিবিএল-এর এসএমই খাতে সর্বনিম্ন ঋণের হার কত?**
ক ৩০% খ ৪০%
গ ৫০% ঘ ২০%

**২. বিমার সামাজিক গুরুত্ব কোনটি?**
ক জাতীয় সম্পদ রক্ষা
খ ব্যক্তিগত সম্পদ রক্ষা
গ বিনিয়োগ ও শিল্পায়ন
ঘ বৈদেশিক বাণিজ্যের প্রসার

**৩. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন?**
ক বিমাকারী নিশ্চিতভাবে প্রিমিয়াম দেবে বলে
খ সুদসহ অর্থ ফেরত পাওয়া যাবে বলে
গ বিমা দাবি পাবার নিশ্চয়তা আছে বলে
ঘ কিস্তি অনুসারে বৃত্তি পাওয়া নিশ্চিত বলে

**৪. বিএসটিআই-এর উদ্দেশ্য হলো—**
i. জাতীয় পর্যায়ে পণ্যের মানের ব্যবহার নিশ্চিত করা
ii. স্থানীয় পর্যায়ে পণ্যের মানের ব্যবহার নিশ্চিত করা
iii. আন্তর্জাতিক পর্যায়ে পণ্যের মানের ব্যবহার নিশ্চিত করা

**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৫. মহিলা উদ্যোক্তা উন্নয়ন কোন প্রতিষ্ঠানের কাজ?**
ক বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট
খ মহিলা বিষয়ক মন্ত্রণালয়
গ বাংলাদেশ পল্লি উন্নয়ন বোর্ড
ঘ গ্রামীণ মহিলাদের কর্মসংস্থান প্রকল্প

**৬. একটি প্রতিষ্ঠানের আবশ্যকীয় কর্তব্য কোনটি?**
ক কর্মীদের প্রশিক্ষণ প্রদান
খ কর্মীদের উপযুক্ত পারিশ্রমিক প্রদান
গ কর্মীদের চাকরির নিরাপত্তা
ঘ কর্মীদের কাজের নিরাপত্তা প্রদান

**উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. কবিরের গ্রামে প্রচুর পাট উৎপাদন হয়। তিনি পাটজাত দ্রব্যাদি তৈরি করে স্থানীয় বাজারে বিক্রির মাধ্যমে বেশ অর্থ উপার্জন করেছেন।

**৭. মি. কবিরের ব্যবসায় শুরু করার আগে কোন দিকটি বিবেচনা করেছিলেন?**
ক বাজার চাহিদা খ শিক্ষার হার
গ ব্যবসায়ের ধরন ঘ সাংস্কৃতিক পরিবেশ

**৮. মি. কবিরের ব্যবসায়ের সফলতার কারণ —**
i. বাজারের আকার বড়
ii. গ্রামটি কৃষিপ্রধান ছিল
iii. আইনগত পরিবেশ অনুকূলে থাকা

**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৯. বিক্রয়মূল্য মাইক্রোস্ক্রিনিংয়ের কোন দিকের অন্তর্গত?**
ক আর্থিক খ কারিগরি
গ বাণিজ্যিক ঘ বাজারজাতকরণ

**১০. বিক্রয়কর্মীর কোন গুণটি গ্রাহকদের আকৃষ্ট করে?**
ক সুস্বাস্থ্য খ আন্তরিকতা
গ মার্জিত ব্যবহার ঘ শিক্ষা

**১১. খুচরা ব্যবসায়ীদের ক্রয় প্রতিনিধি বলা হয় কাকে?**
ক ভোক্তাকে খ পাইকারকে
গ উৎপাদককে ঘ আড়তদারকে

**১২. কীভাবে পণ্যের চাহিদা বাড়ানো যায়?**
ক পণ্য প্রমিতকরণের মাধ্যমে
খ পর্যায়িতকরণের মাধ্যমে
গ আকর্ষণীয় মোড়কের মাধ্যমে
ঘ প্যাকিংয়ের মাধমে

**উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।**
যদু, মধু ও নিধু তিন বন্ধু মিলে সমঝোতার ভিত্তিতে ব্যবসায় প্রতিষ্ঠান চালায়। ব্যবসায় সম্প্রসারণের জন্য নতুন মূলধন সংগ্রহে তারা নতুন সদস্য নিতে চাইলেও কেউ রাজি হচ্ছে না। তাই তারা সদস্য সংখ্যা কম রেখেই কোম্পানি গঠনের সিদ্ধান্ত নিল। নিবন্ধনপত্র পেলেই তারা কাজ শুরু করতে পারবে।

**১৩. বন্ধুরা নতুন কোন ধরনের ব্যবসায় গঠনের সিদ্ধান্ত নিয়েছে?**
ক অংশীদারি
খ প্রাইভেট লি. কোম্পানি
গ পাবলিক লি. কোম্পানি
ঘ সমবায় সমিতি

**১৪. উদ্দীপকের ব্যবসায়ে নতুন সদস্য নিতে রাজি না হওয়ার কারণ—**
i. আইনগত জটিলতা দেখা দেবে
ii. অসীম দায় বহন করতে হবে
iii. যেকোনো সময় ব্যবসায়টি ভেঙে যেতে পারে

**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৫. পেট্রোবাংলার সাফল্য বা ব্যর্থতার জন্য জবাবদিহিতা করতে হয় কার কাছে?**
ক জাতীয় সংসদে খ রাষ্ট্রপতিকে
গ প্রধানমন্ত্রীকে
ঘ পেট্রোবাংলার চেয়ারম্যানকে

Teachingbd24.com

১৬. কুটির শিল্প কর্মসংস্থান সৃষ্টি করে—
i. পূর্ণকালীন ii. খণ্ডকালীন
iii. সান্ধ্যকালীন
নিচের কোনটি সঠিক ?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৭. উৎপাদনমুখী মাঝারি শিল্পে সর্বোচ্চ কতজন শ্রমিক কাজ করে?
ⓚ ১৫০ ⓚ ১৮০
ⓖ ১৯০ ⓖ ২৫০

১৮. কাঁচামালের সহজলভ্যতা নিশ্চিতকরণের জন্য প্রয়োজন কোনটি?
ⓚ বাজারের নৈকট্য ⓚ পরিবহনের সুবিধা
ⓖ সরকারি পৃষ্ঠপোষকতা ⓖ পুঁজির সহজলভ্যতা

১৯. ব্যবসায়ের সময়গত বাধা দূর করে কোনটি?
ⓚ গুদামজাতকরণ ⓚ বিমা
ⓖ ব্যাংকিং ⓖ পরিবহন

২০. ব্যবসায়ের মাধ্যমে সহজ হয়—
i. সম্পদের যথাযথ ব্যবহার
ii. দেশের অর্থনৈতিক উন্নয়ন
iii. তেল ও গ্যাস উত্তোলন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২১. স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের ব্যবসায় ও শিল্প-বাণিজ্য জগতে সবচেয়ে সফল উদ্যোক্তা কে?
ⓚ জহুরুল ইসলাম ⓚ গুলবক্স ভুঁইয়া
ⓖ রণদা প্রসাদ সাহা ⓖ আবুল কালাম আজাদ

২২. উদ্যোক্তা হতে ব্যবসায়ের কোন পরিবেশের উপাদানটির কথা নায়েব আলী বিবেচনায় রেখেছিলেন?
ⓚ প্রাকৃতিক পরিবেশ
ⓚ রাজনৈতিক পরিবেশ
ⓖ অর্থনৈতিক পরিবেশ
ⓖ সামাজিক পরিবেশ

২৩. স্বৈরতান্ত্রিক নেতৃত্বে কে সম্পূর্ণভাবে নিজের ক্ষমতা ও সামর্থ্যের ওপর নির্ভর করেন?
ⓚ নেতা ⓚ কর্মীরা
ⓖ সরকার ⓖ অধস্তনরা

২৪. গণতান্ত্রিক নেতৃত্বে প্রত্যাশা করা যায়—
i. কর্মীদের কাছ থেকে তথ্য সংগ্রহ
ii. কর্মীদের জবাবদিহিতা
iii. কর্মীদের প্রশ্ন করার সুযোগ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৫. ব্যবসায়ে নৈতিকতার প্রয়োজনীয়তা অপরিসীম কেন?
ⓚ সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য
ⓚ অধিক মুনাফা অর্জনের জন্য
ⓖ জীববৈচিত্র্য হ্রাস করার জন্য
ⓖ আর্থিক সমৃদ্ধির জন্য

২৬. এইচএসবিসি ব্যাংকের তরুণ উদ্যোক্তা পুরস্কার কোনটির বিকাশে সহায়তা করে? (অনুধাবন)
ⓚ সম্পদ ⓚ ভোক্তা সন্তুটি
ⓖ ব্যবসায়িক জ্ঞান ⓖ প্রতিভা

২৭. ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধা দূর করা যায় কোনটির মাধ্যমে?
ⓚ বাস্তবভিত্তিক পরিকল্পনা
ⓚ বৈদেশিক সাহায্য
ⓖ অর্থনৈতিক নীতি
ⓖ প্রয়োজনীয় ব্যাংক স্থাপন

২৮. কোনো দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে অন্যতম বাধা কোনটি?
ⓚ প্রশিক্ষণের অভাব ⓚ আইনের অভাব
ⓖ শিক্ষিত জনগণ ⓖ রাজনৈতিক অস্থিরতা

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**
কবির হোসেন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা থেকে বাঁশ ও বেতের শিল্প সংক্রান্ত তথ্য সংগ্রহ করলেন। তথ্য বিশ্লেষণের মাধ্যমে তিনি প্রকল্প গ্রহণ করলেন। প্রকল্পের অর্থায়নে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থাটি সরাসরি সহায়তা করতে পারল না।

২৯. কবির হোসেনের ঋণ প্রাপ্তিতে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা কীভাবে সহায়তা করবে?
ⓚ সুপারিশ করে
ⓚ সরাসরি ঋণ দিয়ে
ⓖ যন্ত্রপাতি সরবরাহ করে
ⓖ কাঁচামাল সরবরাহ করে

৩০. কবির হোসেনকে সহায়তাকারী সংস্থার কাজ হলো —
i. তথ্য সরবরাহ করা
ii. উদ্যোক্তা চিহ্নিত করা
iii. প্রকল্প নির্বাচন করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | ক | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ক | ২১ | ক | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ঘ |

https://teachingbd24.com